

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৮.১৮.০০৮.১৮.১৭

তারিখ: ২ মাঘ ১৪২৬

১৬ জানুয়ারি ২০২০

বিষয়: ইউনিভার্সিটি অব ব্রাহ্মণবাড়িয়া-এর ঠিকানা পরিবর্তন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক প্রদত্ত সুপারিশের ভিত্তিতে ইউনিভার্সিটি অব ব্রাহ্মণবাড়িয়া-এর শিক্ষার্থীদের সুবিধার্থে নতুন ঠিকানায় (১০২০/১৫, বাইপাস রোড, দাতিয়ারা, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০) নিম্নোক্ত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাময়িকভাবে শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমোদন প্রদান করা হলো:

ক) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/পৌরসভা কর্তৃক উক্ত ঠিকানা তথা ১০২০/১৫, বাইপাস রোড, দাতিয়ারা (এলজিইডি অফিস সংলগ্ন), ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০ শিক্ষা প্রতিষ্ঠানের কাজে ব্যবহারের অনুমতিপত্র দাখিল করতে হবে;

খ) ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত, মাদকমুক্ত এবং জঙ্গী তৎপরতার উর্ধ্বে রাখতে হবে;

গ) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ অনুযায়ী নির্ধারিত ০৭ (সাত) বছর সময় অর্থাৎ আগামী ০৫.০৩.২০২৬ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাসহ যাবতীয় কার্যক্রম স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তরিত হতে হবে।

ঘ) এই ক্যাম্পাস কিংবা বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস পরিচালনা সম্পর্কিত বিষয়ে সরকার কর্তৃক পরবর্তীতে কোন সিদ্ধান্ত/আদেশ/নির্দেশনাবলি জারি করা হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করতে বাধ্য থাকবে।

১৬-১-২০২০

আ.ন.ম. তরিকুল ইসলাম

উপসচিব

চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টি, ইউনিভার্সিটি অব ব্রাহ্মণবাড়িয়া,
১০২০/১৫, বাইপাস রোড, দাতিয়ারা, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৮.১৮.০০৮.১৮.১৭/১

তারিখ: ২ মাঘ ১৪২৬

১৬ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) রেজিস্ট্রার, ইউনিভার্সিটি অব ব্রাহ্মণবাড়িয়া, ১০২০/১৫, বাইপাস রোড, দাতিয়ারা, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০।



১৬-১-২০২০

আ.ন.ম. তরিকুল ইসলাম
উপসচিব